

💵 দ্বীনী প্রশ্নোত্তর

বিভাগ/অধ্যায়ঃ কথোপকথনের বৈধাবৈধ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

অনেক লোককে কোন কাজে নিষেধ করতে গেলে বলে, 'সবাই তো এটা করে !' কেউ বলে, 'লোকে তো করছে !' কেউ বলে, 'এত লোক করছে, তারা কি ভুল পথে আছে নাকি?' ইত্যাদি। তাদের এমন বলা বৈধ কি?

লোকের দোহাই দিয়ে কোন কাজ করা বা বর্জন করা কোন মুসলিমের উচিৎ নয়। সংখ্যাগরিষ্ঠ লোক বর্তমানে সরকার গঠন করতে পারে, সত্য গঠন করতে পারে না। মহান আল্লাহ বলেন,

"আর যদি তুমি দুনিয়ার অধিকাংশ লোকের কথামত চল, তাহলে তারা তোমাকে আল্লাহর পথ থেকে বিচ্যুত করে দেবে। তারা তো শুধু অনুমানের অনুসরণ করে এবং তারা কেবল অনুমানভিত্তিক কথাবার্তাই বলে থাকে।" (আনআমঃ ১১৬)

"তুমি যতই আগ্রহী হও না কেন, অধিকাংশ লোকই বিশ্বাস করবার নয়।" (ইউসুফঃ ১০৩)

"তাদের অধিকাংশই আল্লাহকে বিশ্বাস করে, কিন্তু তার অংশী স্থাপন করে।" (ইউসুফঃ ১০৬)

সুতরাং দ্বীনের কাজে মুসলিমের দলীল হল আল্লাহর কিতাব ও তার রাসুল (সঃ) এর হাদিস এবং সলফদের আমল। মান্যকারী লোকের সংখ্যা কম হলেও সত্যই সর্বদা বরণীয়। লোকের দোহাই দিয়ে সত্যকে এড়িয়ে যাওয়া মুসলিমের জন্য শোভনীয় নয়। (ইবনে উসাইমিন)

মহান আল্লাহ বলেছেন,

"যখন বিশ্বাসীদেরকে তাদের মধ্যে মীমাংসা করে দেয়ার জন্য আল্লাহ এবং তার রাসুলের দিকে আহবান করা হয়, তখন তারা তো কেবল ওই কথাই বলে, 'আমরা শ্রবণ করলাম ও মান্য করলাম।' আর ওরাই হল সফলকাম।" (নূরঃ ৫১)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=2125

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন